গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
আইন শাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ১২ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	কে এম আবদুল ওয়াদুদ অতিরিক্ত সচিব
সভার তারিখ	১২ জুন ২০২৩
সভার সময়	বেলা ০২:৩০ টায়
স্থান	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নম্বর-০৪, কক্ষ নম্বর-১০৪), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (আইন) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি বলেন যে বিগত সভা গত ০৯-০২-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছিল। তিনি বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করেন এবং কোনরূপ সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (আইন) সভায় জানান, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ৩য় কোয়ার্টার ৩১ মার্চ ২০২৩ এ শেষ হয়েছে। ইতিমধ্যে ৩য় ত্রৈমাসিক এর মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি সভায় আরো জানান যে উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে সকল কার্যক্রম যথাযথভাবে এবং যথাসময়ে সম্পন্ন করা হয়েছে। উদ্ভাবন প্রকল্প, সেবা সহজিকরণ প্রকল্প ও বিগত অর্থবছরে সাভার উপজেলার ২টি ইউনিয়নে গৃহিত উদ্ভাবন প্রকল্প সাভার উপজেলার সকল ইউনিয়নে সম্প্রসারণের কাজ শেষ হয়েছে। সভাপতি প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

সিদ্ধান্তসমূহ:

১। এ বছর উদ্ভাবন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তাঁদের কাজের স্বীকৃতি স্বরূপ বই প্রদান করা হবে। এক্ষেত্রে বাংলা একাডেমি প্রকাশিত বই ও মুক্তিযুদ্ধ বিষয়ক বইকে প্রাধান্য দেয়া হবে।

২। ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য সকল শাখায় পুনরায় পত্র প্রেরণ করতে হবে। সকল কর্মকর্তাকে শাখা সংশ্লিষ্ট সেবাবক্সসমূহ হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণের জন্য তাগিদ দিতে হবে।

৩। ইতিপূর্বে তৈরিকৃত সকল সফটওয়্যার চালু রাখতে হবে। প্রয়োজনে ভেন্ডরগণের সমন্বয়ে পৃথক সভা করে সফটওয়্যার সমূহ হালনাগাদ অব্যাহত রাখতে হবে। সকল সফটওয়্যার বিসিসি হতে টেস্ট করিয়ে নিতে হবে।ইতোমধ্যে অডিট ডাটাবেজ এর সফটওয়্যার বিসিসি কর্তৃক সিকিউরিটি টেস্টিং সম্পন্ন হয়েছে এবং তার বিল বিসিসিকে প্রদান করা হয়েছে।

৪। SNSP প্রকল্পের মাধ্যমে তৈরিকৃত HR-PMS সফট্ওয়্যারটি বুঝে নেয়ার জন্য প্রকল্প পরিচালক মহোদয়কে পত্র প্রেরণ করতে হবে। সেই সাথে সফটওয়্যারটি ইউজার ফ্রেন্ডলি করার জন্য প্রয়োজনে ভেন্ডরের সাথে সভা করতে হবে।

৫। অডিট সফটওয়্যারটি HR-PMS এর সাথে Integrate করা যায় কি না সে বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রকল্প পরিচালক ও উভয় ভেন্ডরের সাথে সভা করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কে এম আবদুল ওয়াদুদ
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫১.০০.০০০০.২২৬.২৫.০০১.২২.১১

তারিখ: ৬ আষাঢ় ১৪৩০
২০ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) অতিরিক্ত সচিব (দুর্যোগ ব্যবস্থাপনা-১), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), মগবাজার, ঢাকা।
৬) উপসচিব (সকল) ও সমপর্যায় , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিব ও সমপর্যায় (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



মুনিরা সুলতানা
উপসচিব

অদ্য ১২-০৬-২০২৩ তারিখ বেলা ০২:৩০ টায় অনুষ্ঠিত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরাঃ

ক্রঃনং	কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর	মোবাইল নং	স্বাক্ষর
১			
২	মোহাম্মদ নাজমুল আহসান যুগ্মসচিব		১২/৬/২৩
৩	মোঃ আরিব আহসান যুগ্মসচিব	০১৭১২০৪২৬৭	
৪	মুনিরা সুলতানা উপসচিব	01716-026817	১২/০৬/২৩
৫			
৬	মোঃ জাহাঙ্গীর আলম উপসচিব দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	01718 580636	১২/০৬/২৩
৭	ড. বিপ্লব কুমার সরকার উপসচিব দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	০১৭১০৩৪৯১৭	১২/০৬/২০২৩
৮	মো: (নাজমুল হোসেন খন্দকার) সার্ভেয়ার (প্রকাশ) সিনিয়র	০১৩১৪-২০৮২৩০	12.6.23
৯	হাসনাইন ইয়াসির সিনিয়র হিসাব রক্ষণ কর্মকর্তা সিডিপি	০১৭১২২৪১১৫১	
১০	মোঃ আবদুল খোরশেদ DRRO, DDM	0171-123641	১২/৬/২৩

অদ্য ১২-০৬-২০২৩ তারিখ বেলা ০২:৩০ টায় অনুষ্ঠিত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরাঃ

ক্রঃনং	কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর	মোবাইল নং	স্বাক্ষর
১১	মো: হাফিজুর রহমান প্র.ক, ডিডিএম	01515-670067	
১২			
১৩			
১৪			
১৫			
১৬			
১৭			
১৮			
১৯			
২০			